

## দাঁতের কয়েকটি রোগ সম্পর্কে

ডা. অরুণ রতন চৌধুরী, বিভাগীয় প্রধান, ডেন্টাল বিভাগ, বারডেম  
দৈনিক জনকণ্ঠ তাং ২৮ মে ২০০১ ইং

### ডেন্টাল ক্যারিজ :

কারণ : শর্করা জাতীয় খাদ্য।

লক্ষণ : ছোট কালো গর্ত/ব্যথা।

চিকিৎসা : ফিলিং

প্রতিরোধ : ঘন ঘন শর্করা জাতীয় খাদ্য গ্রহণ বন্ধ করা/দু'বেলা দাঁত পরিষ্কার/বছরে চেকআপ।

### মুখের দুর্গন্ধ :

কারণ : মুখে জমে থাকা ময়লা খাবার, অন্যান্য রোগের উপস্থিতি।

লক্ষণ : মুখ থেকে গন্ধ বের হবে-দূর থেকেও বোঝা যাবে।

চিকিৎসা : দাঁতের স্কেলিং/অন্যান্য রোগের চিকিৎসা,

প্রতিরোধ : নিয়মিত দাঁত ব্রাশ করা/দাঁত ও মাড়ির পরীক্ষা করানো।

### মুখের ঘা

কারণ : অপুষ্টি ধারালো বা কৃত্রিক দাঁতের ঘর্ষণ, অপরিষ্কার ও দূষ্চিন্তা, অন্যান্য রোগ।

লক্ষণ : মুখে জ্বালাপোড়া, ব্যথা, খেতে অসুবিধা।

চিকিৎসা : প্রাথমিকভাবে স্থানীয় কারণ দূর করা, মুখ পরিষ্কার করা, এ্যান্টিসেপ্টিক মাউথ ওয়াশ বা মলম ব্যবহার এবং তিন সপ্তাহের বেশি স্থায়ী বায়োপেসি করা।

প্রতিরোধ : নিয়মিত পুষ্টিকর খাবার গ্রহণ, কৃত্রিক বা ধারালো দাঁত থাকলে সেগুলো সাথে সাথে ঘষে মসৃণ করা ও নিয়মিত দাঁত পরিষ্কার রাখা, দূষ্চিন্তা থাকলে মানসিক রোগ বিশেষজ্ঞের পরামর্শ নেয়া।